

# State Visit of Chancellor of the Federal Republic of Germany to India (February 25–26, 2023)

February 20, 2023

## যুক্তরাষ্ট্রীয় প্রজাতান্ত্রিক জার্মানির চ্যান্সেলর-এর ভারতে রাষ্ট্রীয় সফর (ফেব্রুয়ারি 25-26, 2023)

ফেব্রুয়ারি 20, 2023

যুক্তরাষ্ট্রীয় প্রজাতান্ত্রিক জার্মানির চ্যান্সেলর মাননীয় ওলাফ স্কোলজ 25-26 শে ফেব্রুয়ারি 2023 -এ ভারত সফরে আসবেন। চ্যান্সেলর স্কোলজ-এর সঙ্গে আসছে উচ্চপদস্থ সরকারি আধিকারিকের একটি প্রতিনিধি দল এবং একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন বাণিজ্যিক প্রতিনিধি দল। তার 25 শে ফেব্রুয়ারি 2023 নিউ দিল্লিতে এসে পৌঁছাবার কথা রয়েছে এবং তিনি 26 শে ফেব্রুয়ারি 2023 ব্যাপ্পালুরু যাবেন।

2. বর্তমান ভূমিকায় চ্যান্সেলর স্কোলজ এর এটাই প্রথম ভারত সফর। 2011 সালে দ্বিবার্ষিক ইন্টার-গভর্নেন্টাল কনসাল্টেশন (আইজিসি) পদ্ধতি (যার পুরোটাই সরকারি কার্টামো, যেখানে উভয় দেশের মন্ত্রীরা তাদের নিজ নিজ দায়িত্ব নিয়ে আলোচনা করেন এবং তার ফলাফল প্রধানমন্ত্রী ও চ্যান্সেলরকে রিপোর্ট করেন), তৈরি হবার পর চ্যান্সেলরের এটাই প্রথম একাকী ভারত সফর।

3. চ্যান্সেলর স্কোলজকে রাষ্ট্রপতি ভবনের প্রাঙ্গণে অভ্যর্থনা জানানো হবে। মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় চ্যান্সেলর দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয় নিয়ে আলোচনা করবেন। দুই নেতা সিইও দেবের সাথে এবং দুই পক্ষের নেতৃস্থানীয় ব্যবসায়ীদের সাথে মত বিনিময় করবেন।

4. চ্যান্সেলর স্কোলজ মাননীয় রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদি মুর্মুর সাথেও সাক্ষাত করবেন।

5. ভারত জার্মানি সম্পর্ক নৈতিকতা, বিশ্বাস এবং পারস্পারিক বোঝাপড়ার উপর ভিত্তি করে দাঁড়িয়ে রয়েছে। যথেষ্ট বিনিয়োগ ও বাণিজ্য সংযোগ, সবুজ ও টেকসই উন্নয়নে সহযোগিতা এবং জনগণের সাথে জনগণের ক্রমবর্ধমান সংযোগ দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে শক্তিশালী করেছে। ভারত ও জার্মানি বহুমুখী ও বৈশ্বিক মঞ্চে ঘনিষ্ঠ ভাবে কাজ করছে, উল্লেখ্য জি-4 এর অংশ হিসাবে ইউএনএসসি-র সংস্কার।

6. চ্যান্সেলর স্কোলজের এই সফর দুই পক্ষকে ষষ্ঠ আইজিসি-র প্রধান ফলাফলগুলির যথার্থ্য ও অগ্রগতি নিরূপণ করতে সাহায্য করবে, নিরাপত্তা ও প্রতিরক্ষায় সহযোগিতা শক্তিশালী করতে, অর্থনীতির ক্ষেত্রে আরও ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি করার জন্য কাজ করতে, প্রতিভাবানদের গতিশীলতা বৃদ্ধির সুযোগ আরও জোরদার করতে এবং বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে চলতে থাকা সহযোগিতাকে কৌশলগত পথ প্রদর্শন করতে সমর্থ করবে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 20, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.